দৈনিক বাংলা

24

তারিখ ..24. JAN. 1996 ... ...

পৃষ্ঠা · ৮ কলাম ·· ৫.....

# মার্কিন ভার্সিটির সঙ্গে শিক্ষা বিনিময় চুক্তি

মার্কিন যুক্তরাষ্ট্রের উইসকনসিন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান 'দ্বিপাক্ষিক শিক্ষা বিনিময় চুক্তিটি মঙ্গলবার পয়লা জানুয়ারী '৯৬ থেকে ৩১ ডিসেম্বর '৯৯ সাল পর্যন্ত চার বছরের জন্য নবায়ন করা হয়েছে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজ-উদ্দীন আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই নবায়ন চুক্তি স্বাক্ষর করেন। গত ডিসেম্বরে উইসকনসিন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর জন ই. কেরিগান তাঁর বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই নবায়ন চুক্তি স্বাক্ষর করেন। উইসকনসিন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের ব্যক্তিগত প্রতিনিধি এবং ঐ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর জিল্লুর রহমান খান স্বাক্ষী হিসাবে চুক্তি স্বাক্ষর করেন।